



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

website : www.bmeb.gov.bd

নং বামাশিবো/রিক/দাখিল অনুমতি/সিলেট-গোলাপগঞ্জ-

তারিখঃ / / ২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ০৯-০১-২০১৭ তারিখের নং ৩৭.০০.০০০০.০৮৫.৩২.০১৮.১৫.১২ সংখ্যক স্মারক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদরাসা কর্তৃপক্ষ অঙ্গিকারনামা জমা দেয়ায় সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলাধীন দরগাহ বাজার দাখিল মাদরাসায় (DARGAH BAZAR DAKHIL MADRASAH) নিম্নোক্ত শর্তে দাখিল ৯ম শ্রেণি (সাধারণ বিভাগ) খোলার প্রাথমিক (পাঠদান) অনুমতি নির্দেশক্রমে ০১-০১-২০১৭ হতে ৩১-১২-২০১৯ তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য দেওয়া হলো। মাদরাসার EIIN- 135047 ও CODE - 20865

পালনীয় শর্তাবলীঃ-

১. শিক্ষক নিয়োগে মহিলা কোটা পূরণ করতে হবে।
২. জনবল কাঠামোর নীতিমালা ও শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী সকল স্তরে শিক্ষক নিয়োগ করতে হবে/ নিয়োগ থাকতে হবে।
৩. স্বীকৃতি পাওয়ার জন্য মাদরাসাকে প্রাথমিক অনুমতির মেয়াদকালে নীতিমালা অনুযায়ী মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন পাবলিক পরীক্ষায় ছাত্র/ছাত্রীদেরকে অংশ গ্রহণ করাতে হবে এবং পাসের হার নীতিমালা মোতাবেক হতে হবে।
৪. দাখিল পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা এবং পাসের হার নীতিমালা অনুযায়ী হতে হবে। অন্যথায় প্রাথমিক (পাঠদানের) অনুমতি বাতিল বলে গণ্য হবে।
৫. শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদান সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন মোতাবেক সকল শর্ত পূরণ থাকতে হবে। অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।
৬. ০৩ (তিন) বছর মেয়াদী প্রাথমিক অনুমতির সময়সীমা শেষ হলে মাদরাসাটি সরেজমিনে পরিদর্শন করে সমাপনী পরীক্ষা ও পাবলিক পরীক্ষার ফলাফল, মাদরাসায় ছাত্র/ছাত্রী ভর্তির হার, শ্রেণিকক্ষে উপস্থিতি ও বার্ষিক পরীক্ষায় অংশ গ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা (শিক্ষা সমাপনী চক্রের হার) প্রভৃতি সন্তোষজনক বিবেচিত হলে মাদরাসাটিকে স্বীকৃতি প্রদানের ব্যবস্থা করা হবে।
৭. অনুমতি/স্বীকৃতি প্রাপ্তির পরে যে কোন পর্যায়ে প্রয়োজ্য শর্তের কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমতি/স্বীকৃতি স্থগিত অথবা প্রত্যাহার করা হবে।
৮. মাদরাসা ক্যাম্পাসে কমপক্ষে ২৫০/৫০০ টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।

(মোঃ আবুল বাসার)

মাদরাসা পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড ঢাকা।

তত্ত্বাবধায়ক,

দরগাহ বাজার দাখিল মাদরাসা।

পোঃ দরগাহ বাজার, উপজেলাঃ গোলাপগঞ্জ, জেলাঃ সিলেট।

নং বামাশিবো/রিক/দাখিল অনুমতি/সিলেট-গোলাপগঞ্জ- ১৫৭/০৬/১০

তারিখঃ ২৭/১/২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক, সিলেট।
৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৮. জেলা শিক্ষা অফিসার, সিলেট।
৯. উপজেলা নিবাহী অফিসার গোলাপগঞ্জ, সিলেট।
১০. সংরক্ষণ কপি।

(মোঃ হোসেন)

উপ-মাদরাসা পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।